

## দ্বিতীয় পরিচ্ছেদ

### নানাভাবে শ্রীরামকৃষ্ণ দক্ষিণেশ্বরে ও ভক্তমন্দিরে

শ্রীরামকৃষ্ণ দক্ষিণেশ্বর-দেবালয়ে, শিবমন্দিরে সিঁড়িতে বসিয়া আছেন। জৈষ্ঠ মাস, ১৮৮৩, খুব গরম পড়িয়াছে। একটু পরে সন্ধ্যা হইবে। বরফ ইত্যাদি লইয়া মাস্তার আসিয়াছেন ও ঠাকুরকে প্রণাম করিয়া তাঁহার পাদমূলে শিবমন্দিরের সিঁড়িতে বসিলেন।

#### [J. S. Mill and Sri Ramakrishna: Limitations of man -- a conditioned being]

শ্রীরামকৃষ্ণ (মাস্তারের প্রতি) -- মণি মল্লিকের নাতজামাই এসেছিল। সে কি বই-এ' পড়েছে, ঈশ্বরকে তেমন জ্ঞানী, সর্বজ্ঞ বলে বোধ হয় না। তাহলে এত দুঃখ কেন? আর এই যে জীবের মৃত্যু হয়, একেবারে মেরে ফেললেই হয়, ক্রমে ক্রমে অনেক কষ্ট দিয়ে মারা কেন? যে বই লিখেছে সে নাকি বলেছে যে, আমি হলে এর চেয়ে ভাল সৃষ্টি করতে পারতাম।

মাস্তার হাঁ করিয়া ঠাকুরের কথা শুনিতেন ও চুপ করিয়া আছেন। ঠাকুর আবার কথা কহিতেন।

শ্রীরামকৃষ্ণ (মাস্তারের প্রতি) -- তাঁকে কি বুঝা যায় গা! আমিও কখন তাঁকে ভাবি ভাল, কখন ভাবি মন্দ। তাঁর মহামায়ার ভিতের আমাদের রেখেছেন। কখন তিনি হুঁশ করেন, কখন তিনি অজ্ঞান করেন। একবার অজ্ঞানটা চলে যায়, আবার ঘিরে ফেলে। পুকুর পানা ঢাকা, ঢিল মারলে খানিকটা জল দেখা যায়, আবার খানিকক্ষণ পরে পানা নাচতে নাচতে এসে সে জলটুকুও ঢেকে ফেলে।

“যতক্ষণ দেহবুদ্ধি ততক্ষণই সুখ-দুঃখ, জন্মমৃত্যু, রোগশোক। দেহেরই এই সব, আত্মার নয়। দেহের মৃত্যুর পর তিনি হয়তো ভাল জায়গায় নিয়ে যাচ্ছেন -- যেমন প্রসববেদনার পর সন্তানলাভ। আত্মজ্ঞান হলে সুখ-দুঃখ, জন্মমৃত্যু -- স্বপ্নবৎ বোধ হয়।

“আমরা কি বুঝব! এক সের ঘটিতে কি দশ সের দুধ ধরে? নুনের পুতুল সমুদ্র মাপতে গিয়ে আর খবর দেয় না। গলে মিশে যায়।”

[ “ছিদ্যন্তে সর্বসংশয়াঃ তস্মিন্ দৃষ্টে পরাবরে” ]

সন্ধ্যা হইল। ঠাকুরদের আরতি হইতেছে। ঠাকুর শ্রীরামকৃষ্ণ নিজের ঘরে ছোট খাটটিতে বসিয়া জগন্মাতার চিন্তা করিতেছেন। রাখাল, লাটু, রামলাল, কিশোরী গুপ্ত প্রভৃতি ভক্তেরা আছেন। মাস্তার আজ রাতে থাকিবেন। ঘরের উত্তরে ছোট বারান্দায় ঠাকুর একটি ভক্তের সহিত নিভূতে কথা কহিতেছেন। বলিতেছেন, “প্রত্যাশে ও শেষ রাতে ধ্যান করা ভাল ও প্রত্যহ সন্ধ্যার পর।” কিরূপ ধ্যান করিতে হয় -- সাকার ধ্যান, অরূপ ধ্যান, সে-সব বলিতেছেন।

<sup>১</sup> John Stuart Mill's Autobiography. Mill, 1806-1873.

কিয়ৎক্ষণ পরে ঠাকুর পশ্চিমের গোল বারান্দাটিতে বসিয়া আছেন। রাত্রি ৯টা হইবে। মাস্তার কাছে বসিয়া আছেন, রাখাল প্রভৃতি এক-একবার ঘরের ভিতর যাতায়াত করিতেছেন।

শ্রীরামকৃষ্ণ (মাস্তারের প্রতি) -- দেখ, এখানে যারা যারা আসবে সকলের সংশয় মিটে যাবে, কি বল?

মাস্তার -- আজ্ঞে হাঁ।

এমন সময় গঙ্গাবক্ষে অনেক দূরে মাঝি নৌকা লইয়া যাইতেছে ও গান ধরিয়াছে। সেই গীতধ্বনি, মধুর অনাহতধ্বনির ন্যায় অনন্ত আকাশের ভিতর দিয়া গঙ্গার প্রশস্ত বক্ষ যেন স্পর্শ করিয়া ঠাকুরের কর্ণকুহরে প্রবেশ করিল। ঠাকুর অমনি ভাববিষ্ট। সমস্ত শরীর কণ্টকিত। ঠাকুর মাস্তারের হাত ধরিয়া বলিতেছেন, “দেখ দেখ আমার রোমাঞ্চ হচ্ছে। আমার গায়ে হাত দিয়ে দেখ!” তিনি সেই প্রেমাবিষ্ট কণ্টকিত দেহ স্পর্শ করিয়া অবাক হইয়া রহিলেন। “পুলকে পূরিত অঙ্গ”! উপনিষদে কথা আছে যে, তিনি বিশ্বে আকাশে ‘ওতপ্রোত’ হয়ে আছেন। তিনিই কি শব্দরূপে শ্রীরামকৃষ্ণকে স্পর্শ করিতেছেন? এই কি শব্দ ব্রহ্মা?<sup>২</sup>

কিয়ৎক্ষণ পরে ঠাকুর আবার কথা কহিতেছেন।

শ্রীরামকৃষ্ণ -- যারা যারা এখানে আসে তাদের সংস্কার আছে; কি বল?

মাস্তার -- আজ্ঞে হাঁ।

শ্রীরামকৃষ্ণ -- অধরের সংস্কার ছিল।

মাস্তার -- তা আর বলতে।

শ্রীরামকৃষ্ণ -- সরল হলে ঈশ্বরকে শীঘ্র পাওয়া যায়। আর দুটো পথ আছে -- সৎ, অসৎ। সৎপথ দিয়ে চলে যেতে হয়।

মাস্তার -- আজ্ঞে হাঁ, সুতোর একটু আঁশ থাকলে ছুঁচের ভিতর যাবে না।

[সর্বভ্যাগ কেন?]

শ্রীরামকৃষ্ণ -- খাবারের সঙ্গে চুল জিবে পড়লে, মুখ থেকে সবসুদ্ধ ফেলে দিতে হয়।

মাস্তার -- তবে আপনি যেমন বলেন, যিনি ভগবানদর্শন করেছেন, তাঁকে অসৎসঙ্গে কিছু করতে পারে না। খুব জ্ঞানান্বিতে কলাগাছটা পর্যন্ত জ্বলে যায়।

[শ্রীরামকৃষ্ণ ও শ্রীকবিকঙ্কণ -- অধরের বাটীতে চণ্ডির গান]

<sup>২</sup> ...এতস্মিলনখল্বক্ষরে গার্গ্যাকাশ ওতশ্চ প্রোতশ্চেতি।  
... শব্দঃ খে পৌরুষং নৃষু।

[বৃহদারণ্যকোপনিষদ, ৩।৮।১১]  
[গীতা, ৭।৮]

আর-একদিন ঠাকুর কলিকাতায় বেনেটোলায় অধরের বাড়িতে আসিয়াছেন। ৩১শে আষাঢ়, শুক্লা দশমী, ১৪ই জুলাই ১৮৮৩, শনিবার। অধর ঠাকুরকে রাজনারাণের চণ্ডীর গান শুনাইবেন। রাখাল, মাস্তার প্রভৃতি সঙ্গে আছেন। ঠাকুরদালানে গান হইতেছে। রাজনারাণ গান ধরিলেন:

অভয় পদে প্রাণ সঁপেছি ।  
 আমি আর কি যমের ভয় রেখেছি ॥  
 কালীনাম মহামন্ত্র আত্মশির শিখায় বেঁধেছি ।  
 আমি দেহ বেচে ভবের হাটে, দুর্গানাম কিনে এনেছি ॥  
 কালীনাম-কল্পতরু হৃদয়ে রোপণ করেছি ।  
 এবার শমন এলে হৃদয় খুলে দেখাব তাই বসে আছি ॥  
 দেহের মধ্যে ছজন কুজন, তাদের ঘরে দূর করেছি ।  
 রামপ্রসাদ বলে দুর্গা বলে যাত্রা করে বসে আছি ॥

ঠাকুর খানিক শুনিতো শুনিতো ভাবাবিষ্ট, দাঁড়াইয়া পড়িয়াছেন ও সম্প্রদায়ের সঙ্গে যোগ দিয়া গান গাইতেছেন।

ঠাকুর আখর দিতেছেন, “ওমা, রাখ মা।” আখর দিতে দিতে একেবারে সমাধিস্থ। বাহ্যশূন্য, নিষ্পন্দ! দাঁড়াইয়া আছেন। আবার গায়ক গাইতেছেন:

রণে এসেছ কার কামিনী  
 সজল-জলদ জিনিয়া কায় দশনে দোলে দামিনী!

ঠাকুর আবার সমাধিস্থ!

গান সমাপ্ত হইলে দালান হইতে গিয়া ঠাকুর অধরের দ্বিতল বৈঠকখানায় ভক্তসঙ্গে বসিলেন। নানা ঈশ্বরীয় প্রসঙ্গ হইতেছে। কোন কোন ভক্ত অন্তঃসার ফল্লনদী, উপরে ভাবের কোন প্রকাশ নাই -- এ-সব কথাও হইতেছে।